রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা কমিশন**

**ভৌত অবকাঠামো বিভাগ**

**সড়ক পরিবহন উইং**

প্রজ্ঞাপন

তারিখ : ০২ জানুয়ারি ২০২৩

নং **সড়ক ২০.০৩.০০০০.৭০২.১৪.০০৯.২২.০১**—এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবীকৃত সংশ্লিষ্ট সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/বা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্যের নেতৃত্বে একটি স্ট্যান্ডিং কমিটি গঠিত আছে। সড়কের মালিকানা হস্তান্তর এবং এলজিইডি'র আওতাধীন সড়কের আইডি নাম্বার চূড়ান্তকরণসহ গেজেট প্রকাশের লক্ষ্যে ১০ নভেম্বর ২০২২ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য (সচিব) এর সভাপতিত্বে স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হয়।



মূল্য : টাকা ২৪৮·০০

০২। উক্ত সভায় ফেনী, মৌলভীবাজার, নেত্রকোণা, শরীয়তপুর, গাইবান্ধা, বরিশাল, ময়মনসিংহ, যশোর, মাদারীপুর, ঠাকুরগাও, কুষ্টিয়া, রংপুর, পিরোজপুর, কুড়িগ্রাম, কুমিল্লা, কিশোরগঞ্জ, নওগাঁ ও লালমনিরহাট জেলাধীন স্থানীয় সরকার বিভাগের প্রস্তাবিত মোট ৪২৮২ (চার হাজার দুইশত বিরাশি) টি ( মোট দৈর্ঘ্য- ৬১৮২.৫০৮ কিঃমিঃ) সড়কের আইডি নাম্বার চূড়ান্তকরণ [পরিশিষ্ট-ক]; এলজিইডি এর বিদ্যমান গেজেটে অন্তর্ভুক্ত কিশোরগঞ্জ জেলার ০৫টি সড়কের দৈর্ঘ্য সংশোধন [পরিশিষ্ট-খ]; সওজ অধিদপ্তরের ৬টি জেলার মোট ১৬টি মহাসড়কের শ্রেণি পরিবর্তন [পরিশিষ্ট-গ] এবং ৩টি সড়কের মালিকানা সওজ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণীতে হস্তান্তর [পরিশিষ্ট-ঘ] করার সুপারিশ অনুমোদিত হয়।

০৩। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সওজ অধিদপ্তর, এলজিইডি ও এলজিআই এর সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে। ইহা গেজেটে প্রকাশের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাজমুল হাসান
উপপ্রধান (সংযুক্ত)।

পরিশিষ্ট-গ

৩. সড়ক পুনঃশ্রেণিবিন্যাসকরণ :

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম | বর্তমান মালিকানা ও শ্রেণি | সুপারিশকৃত মালিকানা ও শ্রেণি |
|---|---|---|---|---|
| ১. | বরগুনা | বাকেরগঞ্জ-পাদ্রীশিবপুর-কাঁঠালতলী-সুবিধখালী-বরগুনা (জেড-৮৮২০) সড়ক। | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |
| ২. | বরিশাল | বরিশাল-ঝালকাঠি-পিরোজপুর-বাগেরহাট-খুলনা সড়ক। (আর-৮৭০, ৭৭০) (জেড-৮৭০২, ৭৭০৯) | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক | সওজ<br>জাতীয় মহাসড়ক |
| ৩. | পিরোজপুর | চরখালী-তুষখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা জেলা মহাসড়ক (জেড-৮৭০১) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |
| ৪. | মাগুরা | ওয়াপদামোড় (মাগুরা)-লাঙ্গলবাধ (শ্রীপুর)-শেখপাড়া (ঝিনাইদহ) জেলা মহাসড়ক। (জেড- ৭০০৮, ৭৪০৫) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |
| ৫. | | শালিখা-আড়পাড়া-কালিগঞ্জ (ঝিনাইদহ) জেলা মহাসড়ক। (জেড-৭২০১, ৭০২১) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |
| ৬. | সাতক্ষীরা | খুলনা-চুকনগর-সাতক্ষীরা সড়ক (আর-৭৬০) | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক | সওজ<br>জাতীয় মহাসড়ক |
| ৭. | | সাতক্ষীরা-সখিপুর-কালিগঞ্জ সড়ক (জেড-৭৬০২) | সওজ<br>জেলা মহাসড়ক | চেইনেজ ০+০০০ কিঃমিঃ হতে চেইনেজ ৫+৩০০ কিঃমিঃ পর্যন্ত<br>সওজ<br>এর জাতীয় মহাসড়ক<br>এবং<br>চেইনেজ ৫+৩০০ কিঃমিঃ হতে চেইনেজ ৩৫+০০০ কিঃমিঃ পর্যন্ত<br>সওজ<br>এর আঞ্চলিক মহাসড়ক |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম | বর্তমান মালিকানা ও শ্রেণি | সুপারিশকৃত মালিকানা ও শ্রেণি |
|---|---|---|---|---|
| ৮. | সাতক্ষীরা | কালিগঞ্জ-শ্যামনগর-ভেটখালী সড়ক (জেড-৭৬১৭) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |
| ৯. | | সাতক্ষীরা শহর বাইপাস (জেড-৭৬০৫) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>জাতীয় মহাসড়ক |
| ১০. | | নাভারণ-ইলিশপুর-সাতক্ষীরা আঞ্চলিক মহাসড়ক (আর-৭৬৫) | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক | সওজ<br>জাতীয় মহাসড়ক |
| ১১. | নবাবগঞ্জ | কানসাট-গোমস্তাপুর-রহনপুর (বাংগাবাড়ী) (জেড-৬৮০২) জেলা মহাসড়কের কানসাট-রহনপুর অংশটি (২৩.৫ কিঃমিঃ) | সওজ<br>জেলা মহাসড়ক | সওজ<br>আঞ্চলিক মহাসড়ক |

**পরিশিষ্ট-ঘ**

৪. **সড়কের মালিকানা হস্তান্তর :**

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | চট্টগ্রাম শহরের সাথে কর্ণফুলী ড্রাইডক স্পেশাল ইকনমিক জোন সংযোগকারী সড়ক<br>দৈর্ঘ্য- ৭.০০ কিঃমিঃ | চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল)<br>এবং<br>এলজিইডি (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর বাঁধের উপর নির্মিত) | সওজ অধিদপ্তর | আনোয়ারা উপজেলার চাতুরী হতে চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল) পর্যন্ত দৈর্ঘ্য ৪.৫০ কিঃমিঃ এবং সিইউএফএল মোড় হতে কর্ণফুলী ড্রাইডক স্পেশাল ইকনমিক জোন পর্যন্ত দৈর্ঘ্য ২.৫০ কিঃমিঃ (এলজিইডি আইডি নং-৪১৫০৪৩০০৩) সড়ক দু'টি 'চট্টগ্রাম শহরের সাথে কর্ণফুলী ড্রাইডক স্পেশাল ইকনমিক জোন সংযোগকারী সড়ক' নামে সওজ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণিতে হস্তান্তর করা হলো। |
| ২. | চট্টগ্রাম | চিটাগাং সিটি আউটার রিং রোড সড়ক<br>দৈর্ঘ্য- ১৫.২০ কিঃমিঃ | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) | সওজ অধিদপ্তর | চিটাগাং সিটি আউটার রিং রোড সড়কটি সওজ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণিতে হস্তান্তর করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ৩. | চট্টগ্রাম | মাস্টারহাট (আরএইচডি)-শিকলবাহা ইউপি-ফকিরনিরহাট জিসি মেরিন একাডেমি (ফকিরনিরহাট-মেরিন একাডেমি অংশ) সড়ক<br>দৈর্ঘ্য- ৮.৫০ কিঃমিঃ | এলজিইডি | সওজ অধিদপ্তর | মাস্টারহাট (আরএইচডি)-শিকলবাহা ইউপি-ফকিরনিরহাট জিসি মেরিন একাডেমি (ফকিরনিরহাট-মেরিন একাডেমি অংশ) (এলজিইডি আইডি নং- ৪১৫৬১২০০২ এবং ৪১৫৬১২০১২) সড়কটি সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণিতে হস্তান্তর করা হলো। |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd